গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী
www.goalanda.rajbari.gov.bd

গোয়ালন্দ উপজেলা পরিষদে নভেম্বর-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মোস্তফা মুন্সী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ১৫.১১.২০২১

সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিতি : রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই জনাব আজিজুল হক, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মত্তিক্রমে দৃঢ়ী করণ করা হয়

অতঃপর উন্মুক্ত আলোচনার জন্য সদস্যদের আহবান করলে বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের দ্রুত টিকার আওতায় আনা হবে। | ১। শিক্ষার্থীদের দ্রুত টিকার আওতায় আনতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী। |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, প্রণোদনা কার্যক্রম ২০২১-২০২২ এর আওতায় রবি মৌসুমে সরিষা, গম, ভূট্টা, সূর্যমুখী, শীতকালীন পেঁয়াজ, মসুর, খেসারী, চিনাবাদাম ও মুগ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। | ১। কৃষকদের মধ্যে কৃষি উপকরণ সুষ্ঠভাবে বন্টন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, সরকারীভাবে যে ঔষধ পাওয়া যায় তা ৬(ছয়) মাস পর্যন্ত চলে। কিন্তু পরবর্তীতে বরাদ্দ পাওয়া গেলে ঔষধ দেওয়া হয়। বরাদ্দ না পাওয়া গেলে ঔসধ দেয়া সম্ভব হয় না। অনেক দরিদ্র পরিবার হাস-মুরগী গরু ছাগল পালন করে কিন্তু সঠিক সময়ে প্রয়োজনীয় ঔষধ না দেয়া গেলে অসুবিধার সৃষ্টি হয়। | ১। হাঁস-মুরগী ও গরু ছাগল পালনকারীদের সঠিক সময়ে ঔষধ দিতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী। |
| ০৪ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কুশাহাটা জলমহাল পরিদর্শনের জন্য অনুরোধ জানান। জেলেদের তালিকা হালনাগাদের কাজ চলমান আছে। | ১। জেলেদের তালিকার হালনাগাদের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, দেবগ্রাম ও বাঘাবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নেই। জরুরিভিত্তিতে বাউন্ডারি ওয়াল নির্মাণের অনুরোধ জানান। | ১। জরুরিভিত্তিতে বাউন্ডারি ওয়াল নির্মাণের কাজ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৬ | পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় দেবগ্রাম ইউনিয়নের বেতকা গ্রামে একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দিতে অনুরোধ করা হয়। | ১।এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দিতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ০৭ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ |
| ০৮ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের টিউবওয়েলের তালিকা করে জেলায় পাঠানোর কাজ চলছে। বেতকা, রাখালগাছি, | ১। বেতকা, রাখালগাছি, কুশাহাটা গ্রামে অগ্রাধিকার ভিত্তিতে টিউবওয়েল দিতে | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | বিদ্যুৎ বিভাগ | উপজেলা আবাসিক প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তিনি আরো জানান যে, সরকারী প্রতিষ্ঠানের জুন/২১ পর্যন্ত অনেক টাকা আদায় হয়েছে। নভেম্বর/২১ মাস সহ বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকল সরকারী দপ্তরকে অনুরোধ জানান। | ১। সকলকে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। | ১। সংশ্লিস্ট সকল দপ্তর প্রধান।<br>২। উপজেলা আবাসিক প্রকৌশলী(বিদ্যুৎ), গোয়ালন্দ। |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ১৪/১১/২০২১ তারিখ হতে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। আগামী ২৩/১১/২০২১ তারিখ পর্যন্ত চলবে। আগামী ০২/১২/২০২১ তারিখ হতে এইচএসসি পরীক্ষা শুরু হবে। | ১। সুষ্ঠভাবে পরীক্ষা পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ,রাজবাড়ী। |
| ১১ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। উজানচর ও ছোটভাকলা ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন সকলের সহযোগিতায় সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে | উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ |
| ১২ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে মুজিববর্ষ উপলক্ষে দুর্যোগ সহনীয় ৫০ টি বাসগৃহ নির্মাণের বরাদাদ পাওয়া গেছে। | ১। যথোপযুক্ত ব্যক্তি যাতে ঘর পান সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নিবর্হী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ১৪ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তিনি জানান যে, গোডাউনে চাউল রাখার কন্টিনার আসছে। ১০/-(দশ) টাকার চাউলের তালিকার অনেক সদস্য মারা গেছে। তালিকা সংশোধন করার জন্য অনুরোধ জানান। চলতি বছরে ১.১১ মে:টন ধান ও ৪৪ মে: টন চাউল ক্রয় করা হবে। | ১। ১০/- টাকা কেজি চাউলের মৃত সদস্যদের তালিকা দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ।<br>২। সকল ইউপি চেয়ারম্যান। |
| ১৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, ডাটা তৈরীর কাজ চলছে। আগামী ডিসেম্বর/২০২১ মধ্যে আদমশুমারী পরিবর্তে জনশুমারীর শুরু হবে। | ১। ডাটা তৈরির কাজ সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৭ | সমবায় বিভাগ | গভায় সমবায় বিভাগের ঋণের টাকা আদায় নিয়ে আলোচনা করা হয়। ঋণের টাকা দ্রুত আদায়ের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। | ১। ঋণের টাকা দ্রুত আদায় করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ। |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিপি) কর্তৃক গোয়ালন্দ উপজেলায় ০৭টি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। বিআরডিবি দারিদ্র বিমোচনের লক্ষ্যে কাজ করছে এবং দরিদ্র জনসাধারণের জন্য ঋণ সহায়তা প্রদান করছে। ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০৩.৬১ লক্ষ টাকা। অক্টোবর-২০২১ পর্যন্ত বিতরণ ১১৯.১১ বিতরণ হার ৩২% । সুবিধা প্রাপ্ত সদস্য সংখ্যা ৩৮৫ জন। ঋণ আদায় ১৯২.৫০ লক্ষ টাকা এবং অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। ১০টি সার্টিফিকেট মামলা চলমান আছে।সার্টিফিকেট মামলার টাকা আদায়ের কাজ চলছে। | ১। ঋণ আদায় ও বিতরণের এ ধারা অব্যাহত রাখার অনুরোধ জানান। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ১৯ | আনসার ও ভিডিপি বিভাগঃ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ছোটভাকলা ও উজানচর ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে হয়েছে বলে সকলকে ধন্যবাদ জানান। | ১। ব্রোথেলের ছেলে মেয়েদের প্রশিক্ষণের আওতায় আনতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ছেলে মেয়েদের প্রশিক্ষণ অংশগ্রহণের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হয়। | | |
| ২০ | বন বিভাগঃ | ফরেস্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কোন বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না। | ১। সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ফরেস্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, দরিদ্র ব্যক্তিদের তালিকা করে ঋণ বিতরণ কার্যক্রম চলছে। | ১। সঠিকভাবে ঋণ বিতরণ ও আদায় করতে হবে। | ১। শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক,গোয়ালন্দ। |
| ২২ | দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে । চলতি ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণ ১৪১.২৫ লক্ষ টাকা। ঋণ আদায় করা হয়েছে ১১৭.৭১ লক্ষ টাকা। প্রণোদনা ঋণ বিতরণ ২২.০০ লক্ষ টাকা, প্রক্রিয়াধীন ঋণ ২৮.০০ লক্ষ টাকা এবং ঋণ সুবিধা প্রাপ্ত সদস্য ২১৩ জন। | ১। ঋণ আদায় ও বিতরণের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী। |
| ২৩ | তথ্য আপা | উপজেলা তথ্য আপা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে । | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্য আপা, গোয়ালন্দ, রাজবাড়ী |
| ২৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অবহিত করেন যে, গোয়ালন্দ বাজার হতে চেকপোস্ট পর্যন্ত রাস্তার কাজের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব পাঠানো হয়েছে। অনুমোদিত হলে কাজ শুরু হবে। উপজেলা পরিষদের ভবন নির্মাণের সয়েল টেস্টের প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদন অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু হবে। তিনি আরো জানান যে, গোয়ালন্দ উপজেলায় ভূমিহীন ও গৃহহীন অর্থায়নে ক শ্রেণীর পরিবার পুনর্বাসনের নিমিত্তে ১ম ও ২য় পর্যায়ে নির্মিত/নির্মিতব্য একক গৃহ নির্মাণের স্থানে প্রোটেকশন নির্মাণের ব্যয় নির্বাহের জন্য (ক) দৌলতদিয়া ইউনিয়নের আক্কাস আলী স্কুলের নিকট কাজের জন্য ১৫,৪৭,০০৬/-(পনের হাজার সাতচল্লিশ হাজার ছয়) টাকা ও উজানচর ইউনিয়নের নতুন পাড়া ব্রীজ সংলগ্ন কাজের জন্য ৯,০৩,৬৮১/-(নয় লক্ষ তিন হাজার ছয়শত একাশি) টাকা বরাদ্দ পাওয়া যায়। সময় স্বল্পতার কারণে টেন্ডারের পরিবর্তে আরএফকিউ এর মাধ্যমে যথাক্রমে (ক) ৪টি ও (খ) ২টি =৬টি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। উপরোক্ত ২টি প্রকল্পের কাজ সমাপ্ত না হওয়ায় এডিপির ২০২১-২০২২ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দের মধ্যে হতে আক্কাছ আলী স্কুলের নিকট ৬,৬৬,৫০০/- (ছয় লক্ষ ছেষট্টি হাজার পাচঁশত) টাকার মধ্যে ২(দুই)টি আরএফকিউ এবং উজানচর ইউনিয়নের নতুন পাড়া ব্রিজ সংলগ্ন প্রকল্পের জন্য ৭,২৫,৬০০/-(সাত লক্ষ পচিঁশ হাজার ছয়শত) টাকার মধ্যে ২(দুই) টি আরএফকিউর মাধ্যমে বাস্তবায়নের গৃহীত হয় । | ১। গোয়ালন্দ উপজেলায় ভূমিহীন ও গৃহহীন অর্থায়নে ক শ্রেণীর পরিবার পুনর্বাসনের নিমিত্তে ১ম ও ২য় পর্যায়ে নির্মিত/নির্মিতব্য একক গৃহ নির্মাণের স্থানে প্রোটেকশন নির্মাণের ব্যয় নির্বাহের আর এফকিউর মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী |

উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বলেন যে, গোয়ালন্দ উপজেলা বন্যা ও নদী ভাঙ্গন কবলিত এলাকা। প্রতি বছর এ এলাকায় বন্যা হয়ে থাকে। এ বছর বন্যার কারণে উজানচর ইউনিয়নে মাটির রাস্তা ব্রীজ/ কালভাট ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো হচ্ছে:

১) চরকর্ণেশন দাখিল মাদ্রাসা হতে আশ্রয়ন আবাসন পর্যন্ত ভায়া চর মহিদাপুর।
২) কমিনিউটি হাসপাতাল চর মহিদাপুর হতে কণ্ঠদিয়া পর্যন্ত ভায়া নর্থ চ্যানেল।
৩) আশ্রায়ণ আবাসন হতে আক্কাস আলী হাইস্কুল ভায়া কাশেমপুর।

উল্লিখিত রাস্তাগুলো দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন The Disaster Risk Management Enhancement Project ( Component 2 & 3) DRMEP প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সুপারিশসহ মহাপরিচালক,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২৫। বিবিধ সিদ্ধান্ত ঃ-

ক) উপজেলা পরিষদের উপজেলা পরিষদের অক্টোবর-২০২১ মাসের মালীর বেতন ভাতা বাবদ ১৭,০৫০/-(সতের হাজার পঞ্চাশ) টাকা ও পরিস্কার ও পরিচ্ছন্নতা কর্মীর বেতন ভাতা বাবদ ১৭,০৫০/-(সতের হাজার পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। যা ভূতাপেক্ষ অনুমোদনের প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রদানকৃত টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

গ) উপজেলা পরিষদ কার্যালয়ে অক্টোবর-২০২১ মাসের আনুষঙ্গিক মালামালের ক্রয়কৃত ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) উপজেলা পরিষদে করোনাকালীন সময়ে জনগণের সতর্ক করার জন্য মাইকিং, অফিসের পর্দা ধোলাই, ক্রোকারিজ ক্রয়, জি-নেট ক্রয়, বাথরুম ও থাইগ্লাস মেরামত বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) উপজেলা পরিষদের ৫(খ) নং বাসার বৈদ্যুতিক লাইন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

চ) উপজেলা পরিষদ চত্তরের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণ প্রকল্প ০১ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) উপজেলা পরিষদ চত্তরের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণ প্রকল্প ০২ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

জ) উপজেলা প্রকৌশলী জানান যে, দৌলতদিয়া ইউনিয়নে বেপারী পাড়া কালভার্টের এপ্রোচ এর উভয় পার্শ্বে সংস্কারকরণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এডিপির অর্থায়নে পিআইসির মাধ্যমে বাস্তাবয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় সকল বিভাগের কমকর্তাদের প্রতি ধন্যবাদ জানিয়ে বলেন ফকীর পাড়ার রাস্তার কাজটি দ্রুত করার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তাকে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মোস্তফা মুন্সী) ১৫/১১/২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা:০১৭৭০-৬৭৪৮০০
ই-মেইল:upozilaparishad@gmail.com

বিতরণ: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। উপজেলা ভাইস চেয়ারম্যান/মাহলা ভাইস চেয়ারম্যান,গোয়ালন্দ,রাজবাড়ী।
০২-৩২। ..............................................................কর্মকর্তা,গোয়ালন্দ,রাজবাড়ী।
৩৩-৩৬। চেয়ারম্যান, দৌলতদিয়া/দেবগ্রাম/ছোটভাকলা/উজানচর ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্মারকনং-০৫.৩০.৮২২৯.০০৪.০৬.০০৩.১৭-১৩০৫(৩৫) তারিখ: ১৫.১১.২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

(আজিজুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা: ০১৭৩৩-৩৩৬৪০৮
ই-মেইল:unogoaianda@mopa.gov.bd